

২৭ এ মার্চ

এফ. আহমেদ

আকাশ ছুঁতে চাইনা আমি  
তোমায় ছুঁতে পারলে  
ভোরের সূর্য চাইনা দেখতে  
তোমার চাঁদ মুখ দেখলে  
তালপত্রির দাবী ছাড়তে পারি  
চিবুকের তিল দেখলে  
ঝড়নার ধ্বনি যাই ভুলে যাই  
শুধু তুমি হাসলে  
ছিনতাই হয়ে যায় মনটা আমার  
আমার দিকে চাইলে  
তুমি হীনা ব্যর্থ জীবন  
পারিনা যে ভাবতে  
ঐ চোখে চোখ পড়লে  
আমি আর নেই যে  
ঐ চোখের ইশারাতে  
বিশ্বযুদ্ধ পারে বাধতে  
সাগরের গভীরতা চাইনা মাপতে  
তুমি ভালবাসলে  
ঠাই যদি পাই তোমার বুকে  
স্বর্গে চাইনা থাকতে